

# শিশুডবন পত্রিকা

নেহরু চিলড্রেনস্  
মিউজিয়ামের  
মুখপত্র  
AN ORGAN OF  
NEHRU CHILDREN'S  
MUSEUM

# SISHUBHAVAN PATRIKA

খন্ড - ৪৪ : সংখ্যা - ৫ মে ২০১৯ visit our website : [www.nehrumuseum.org](http://www.nehrumuseum.org) Vol- 44 : No - 5 May 2019

## নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের রবীন্দ্র প্রণাম

অন্যান্য বারের মত এবারও নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের শিশু ও কিশোর শিক্ষার্থীরা মেতে উঠেছিল রবীন্দ্র সান্নিধ্যে। কংক্রীটে মোড়া এই কলকাতার বুকে যেন কিছু স্নিগ্ধ বাতাস নিয়ে আসে পঁচিশে বৈশাখ। খুব সকাল থেকেই জোড়াসাঁকোর ঠাকুর

বাড়ীর অনুষ্ঠানে যে মেজাজ ছিল নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের বৈকালিক অনুষ্ঠানেও তার পরিমাপ ছিল প্রায় একই রকম। সভাকক্ষ ভর্তি দর্শক প্রাণভরে উপভোগ করেছেন তিনদিনের পাঁচটি অনুষ্ঠান।





## নেহরু চিলড্রেনস মিউজিয়ামের রবীন্দ্র প্রণাম

২৫শে বৈশাখের বিকালের অনুষ্ঠান ছিল বিকাল পাঁচটা থেকে সাতটা পর্যন্ত। ২৭মে বৈশাখের সময়ও ছিল একইরকম। শুধু রবিবার অনুষ্ঠানকে ভাগ করা হয়েছিল তিনভাগে। সকাল দশটা থেকে বারোটা, দুপুর একটা থেকে তিনটে এবং বিকাল সাড়ে চারটে থেকে সাড়ে ছটা পর্যন্ত। আসলে তিনশো ছাত্র-ছাত্রীকে অংশগ্রহণ করানোর যে বিপুল দায়িত্ব নিয়েছিলেন মিউজিয়ামের প্রশিক্ষকবৃন্দ তখন তাদেরও কিছু কিছু পরিবেশনা না দেখলে অভিভাবকদের চাহিদা মিটছিল না।

গ্রীষ্মের প্রচন্ড দাবদাহকে উপেক্ষা করে অভিভাবকরা যেভাবে অনুষ্ঠানগুলিতে সাহায্য করেছেন তা সত্যিই প্রশংসার যোগ্য। দুপুর রোদে নিজের সন্তানদের নিয়ে ঠিক সময়ে উপস্থিত হয়েছেন। হয়ত অনুষ্ঠান কক্ষে বাতানুকূল ব্যবস্থা ছিল কিন্তু বাড়ী থেকে মিউজিয়াম এই দীর্ঘ রাস্তাটা তাঁদের অতিক্রম করতে হয়েছে প্রচন্ড উত্তাপের মধ্যেই।

সব মিলিয়ে এই অনুষ্ঠানগুলির সমারোহ প্রায় একটি যজ্ঞ। রবীন্দ্রসঙ্গীত, রবীন্দ্রনৃত্য, রবীন্দ্র কবিতা আবৃত্তির সঙ্গে রবীন্দ্রসঙ্গীতের গানে ভরতনাট্যম এবং কথক ও ওড়িশি নৃত্য, রবীন্দ্র সৃষ্টি নিয়ে মূকাভিনয় - আয়োজনের কোনও ত্রুটি ছিল না।

অভিভাবকদের সঙ্গে বাইরের দর্শকরাও আনন্দ পেয়েছেন, স্বতস্ফূর্ত করতালিতে বারংবার মুখরিত করে তুলেছিলেন মিউজিয়ামের সভাকক্ষ।

তিনদিনের অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের প্রশিক্ষণে ছিলেন শুভাশীষ দত্ত, রুদ্রপ্রসাদ রায়, অনিবার্ন ঘোষ, তথাগত মন্ডল, মলয় পোদ্দার, অঞ্জন দেব, জয়ন্তী চ্যাটার্জী, রেশমা সেন, ডিম্পা ভাওয়াল, সুস্মিতা চ্যাটার্জী, সুচন্দ্রা বোস, জয়া সাহা, বলাকা সরকার, তানিয়া সাহা, স্বর্ণাভ সেন, সুস্মিতা দে, নীতা চক্রবর্তী, কেকা মজুমদার, ঋতুপর্ণা নন্দী, সুস্মিতা পাল, শিবানী কুন্ডু, মৌমিতা রায় সাহা, বিজয়লক্ষ্মী বর্মণ ও শিপ্রা ব্যানার্জী।

তিনদিনের অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন নিবেদিতা নাগ তহবিলদার ও প্রণামী বসাক। প্রতিটি অনুষ্ঠানের আগাগোড়া থেকে যিনি অংশগ্রহণকারীদের ক্রমাগত উৎসাহ জুগিয়ে গেছেন তিনি হলেন অধিকর্তা সুদীপ শ্রীমল। সঙ্গে ছিলেন শিখা মুখার্জী ও দেবেশ মুখার্জী। অনুষ্ঠানগুলি আরো যাদের জ্বাজ্বল্যময় উপস্থিতি ছিল তাঁরা হলেন সচিব ইন্দ্রানী সেনগুপ্ত, সভাপতি দীপংকর বর্ধন, শেখর নাহার, প্রবাল দত্ত, ইন্দ্রজিত দেব, শ্রাবণী মিত্র, অনুপ বণিক, অসীম কুন্ডু, সঞ্জয় সেনগুপ্ত এবং সুনয় শ্রীমল।





# নেহরু চিলড্রেন্স মিউজিয়ামের রবীন্দ্র প্রণাম





# নেহরু চিলড্রেনস মিউজিয়ামের রবীন্দ্র প্রণাম





## গান শুধু গান ওয়ার্কশপ - সুরজিত চ্যাটার্জী



## কনটেম্পোরারি ড্যান্স স্টাইল ওয়ার্কশপ - সুকল্যাণ ভট্টাচার্য্য



## ক্রাফ্ট এন্ড ক্রিয়েশন ওয়ার্কশপ



## সায়েন্স ওয়ার্কশপ - পার্থপ্রতিম রায়





## Science Workshop by Partha Pratim Roy

Summer holidays are an escape from our routine bound life. In these holidays, we travel to different places and try to explore new things. I am glad that Nehru Children's Museum organises such workshops every year.

I've been connected with the science workshop for four years, that is, since I was in class 6 and I still look forward to it. This time our topic was fluids and their properties'. We learnt about the Archimedes Principle, cohesive & adhesive forces. I knew that a body loses its weight once inside the water but didn't the reason behind it. I knew that boats float on water but didn't know how. I found out those here. There was many things that I observed before but newness knew the reason why it happened. But the learning was totally in a different way.

We experimented with our own hands, we observed, applied commonsense and we discouraged new things.

The work was group-based. It helped in exchange of ideas among us and made the observation part even more vivid. Our dearest sir, Sri Partha Pratim Roy, was quite frank with our questions. He asked us to find it ourselves. He greatly influenced experimental learning. The group-work gave us a chance to make new friends. Another thing, I personally liked was, that students of all ages were present there, that from class 6 to class 10. But when we were in the workshop we knew nothing. We started from the very basics and ended up in discovering something we have never read in text books. This helped the students of the lower classes to equally cope up with the students of the senior classes.

Every summer, this workshop where we learn new things, make new friends makes our summer holiday even more exciting.

*Adrija Chatterjee*

## Dance Workshop by Sukalyan Bhattacharya

The summer dance workshop held at Nehru Children's Museum was an exciting experience for me. Dance teacher and choreographer Sri Sukalyan Bhattacharya taught an amazing dance form in this workshop that was contemporary. He was supported by his assistants Saheli Mahapatra, Debjani Adak and Anindita Mondal. They are very supporting mentors to us. Dancing under Sukalyan Sir made me feel very comfortable even though I was new to this style.

I believe I become better because of the way he carried energy and encouragement in the class.

It really opened my eyes to contemporary style. In these four days we learned a basic exercise named "Panchabhatum" and a dance based on Ananda Math which is about women power and nation power. So to me this workshop was full of joy and fun and it helped me to learn a lot of things. So I hope to be a part of this workshop again.

*Chandrima Sur*

## আর্ট এন্ড ক্রাফ্ট ওয়ার্কশপ

এ বছর গ্রীষ্মের ছুটিতে নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম চার দিনের আর্ট এন্ড ক্রাফ্ট এর ওয়ার্কশপে আমি যোগদান করেছিলাম। এই ধরনের সৃজনশীল ও গঠনমূলক অনুষ্ঠানে নির্মল আনন্দের পাশাপাশি আমি অনেক কিছু শেখার সুযোগ পেয়েছি। সাধারণ জিনিষপত্র দ্বারা যে কত সুন্দর শিল্পকলার নমুনা তৈরী করা যায় তার একটি ধারণা আমরা পেয়েছি।

এই ধরনের অনুষ্ঠানে আমাদের মানুষিক বিকাশ ও হয় এবং

রোজকার একঘেঁয়ে পড়াশোনার বাইরে বেরিয়ে সৃষ্টিশীল কাজের মাধ্যমে শিক্ষালাভ করা যায়।

আমি একটি শৌখিন ব্যাগ, ড্রিম ক্যাচার, বটল ক্রাফ্ট ও একটি ফ্রেম তৈরী করেছি। আমি চাই ভবিষ্যতে এই ধরনের আরও অনুষ্ঠান হোক এবং আমরা যাতে অংশগ্রহণ করে অনেক আনন্দ এবং শিল্পকলার শিক্ষালাভ করি।

*তিয়া সরওয়াত*

## Congratulations

**Xpression '19** an Exhibition of Art Works by the students of Nehru Children's Museum held at Academy of Fine Arts from 23rd-28th April 2019

### Five Best Paintings adjudged by Eminent Artist *Wasim Kapoor*

Koushani Das

Pratichi Das

Pratyusha Dasgupta

Soumi Kuila

Sourav Saha

### Five Best Paintings adjudged by Viewers of Exhibition **Xpression '19**

Akansha Biswas

Arya Bandyopadhyay

Pratyusha Dasgupta

Rituraj Chakraborty

Shreya Chakravarty

**We convey our heartiest congratulation to all the winners**





## Thank You Donors

Dr. Krishna Laskar Bandyopadhyay  
Dr. Jayanta Kr. Barua

Jayanta Kr. Ghosh  
Salarpuria Public Charitable Trust

## Happy Birthday To Our Little Friends ..... May 2019

Rishit Roy	01		Sohomdeep Seal	09		Subrata Das	22
Progya Dey	01		Samriddha Das	14		Ritoja Dey	25
Sneha Dey	05		Anweeksha Saha	20		Anubroto Chakraborty	27
Nittiya Manna	07		Anirban Dutta	20		Kabita Das	30

## গান শুধু গান - সুরজিত চ্যাটার্জী

শিল্পের মাধ্যমেই মানুষ তার অনুভূতি প্রকাশ করে। সঙ্গীত চর্চা হলো ঠিক এরকমই একটি শিল্পের মাধ্যম।

তাই এই শিল্পের মাধ্যমটিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের পক্ষ থেকে আয়োজন করা হয় “গান শুধু গান” গ্রীষ্মকালীন কর্মশালাটি। এই কর্মশালাটি পরিচালনা এবং প্রশিক্ষণের সম্পূর্ণ দায়িত্বে ছিলেন বাংলা সঙ্গীত জগতের স্বনামধন্য শিল্পী “সুরজিত চ্যাটার্জী”।

প্রথমত সবার প্রথমে শিল্পী সুরজিত চ্যাটার্জী-কে অসংখ্য অসংখ্য ধন্যবাদ জানাব, “গান শুধু গান” কর্মশালার ছাত্র-ছাত্রীদের সঙ্গে পরপর তিন দিন এবং তিন ঘণ্টা সময় কাটানোর জন্য। এই কর্মশালাটি ছিল আমাদের সবার কাছে এক স্বপ্নের মত। কোনোদিনও ভাবতে পারিনি, যে শিল্পী মানুষটিকে একসময় টিভির পর্দায় দেখতাম, আজ সেই শিল্পী মানুষটিকে এত কাছ থেকে দেখতে পারব, তার কাছে গান শিখব।

প্রথম দিনটি ছিল ১৫ই মে সুরজিত স্যারের সঙ্গে দিনটি কেটেছিল আলাপ পরিচয়ের এবং কিছু গানের সঙ্গে। তার মধ্যে একটি হল বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত “আকাশ ভরা সূর্য তারা” এবং অন্যটি ছিল গিরিন চন্দ্রবর্তী রচিত একটি লোকসঙ্গীত। গানদুটি হয়তো প্রায় সকলের কাছেই সুপরিচিত।

দ্বিতীয় দিনটি ছিল ১৬ই মে, এই দিনটি কেটেছিল ঠিক একইভাবে, তিনি আবারও আমাদের দুটি গান শেখালেন।

তৃতীয় দিন শেষ দিনটি ছিল আমাদের সবার কাছে একটি বিশেষ দিন, কারণ সেই দিনে আমরা যে সব গান সুরজিত স্যারে কাছে শিখেছিলাম, সেই সব সুরজিত স্যারের সঙ্গে গাইতে হবে। এত বড় একটা সুযোগ পাব কখনোও ভাবতে পারিনি বলে, চোখে হয়তো আনন্দের জল চলে এসেছিল সেই দিন।

অডিটোরিয়ামে অনুষ্ঠানটি শুরু হয়েছিল আমাদের সবার খুব প্রিয় শিখা ম্যামের কিছু বক্তৃতা দিয়ে তার বক্তৃতা শেষ হলে গান শুধু গান কর্মশালার ছাত্র-ছাত্রীরা সুরজিত স্যারের সঙ্গে গলা মিলিয়ে গান শুরু করে। প্রায় ছয়টি গান শেষ করার পর দর্শকদের করতালিতে মেতে ওঠে অডিটোরিয়ামটি।

দিনগুলি হয়তো খুবই তাড়াতাড়ি করে কেটে গিয়েছিল তার গান শুনে শুনতে মুগ্ধ হয়ে কখনো যে সময় পেরিয়ে গিয়েছিল তা টের পাইনে।

এই তিন দিন হয়তো আমাদের সবার জীবনে স্মরণীয় দিন হয়ে থাকবে।

তমালী রায়

## অভিনেতার প্রস্তুতি - সোহিনী সেনগুপ্ত

গত ২১শে মে ‘নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম’ কর্তৃপক্ষ “অভিনেতার প্রস্তুতি” শীর্ষক একটি গ্রীষ্মকালীন নাট্য কর্মশালার আয়োজন করেছিলেন, শিশু ও কিশোরদের জন্য।

আমি দীর্ঘ ছয় বছর ধরে ‘প্রাচ্য’ নাট্য দলের শিশু ও কিশোর বিভাগ ‘খেলেতে খেলেতে নাটক শিখি’ তে অভিনয়ের চর্চা করছি। আমি প্রাচ্যের প্রতিনিধি হয়ে এই কর্মশালায় উপস্থিতি ছিলাম।

কর্মশালায় আমাদের পরিচালিত করেছিলেন বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব

ও অভিনেত্রী সোহিনী সেনগুপ্ত এবং আমাদের কর্মশালা উপভোগ সাহায্য করেছিলেন অর্ঘ্য দা।

আমরা প্রথমে সোহিনী দিদির কাছ থেকে তাঁর থিয়েটার যাত্রা শুরু হওয়ার কথা শুনলাম। বিভিন্ন রকমের খেলা খেললাম। সেই খেলার মধ্যে দিয়ে আমাদের তাঁরা শিখিয়ে ছিলেন অভিনয়ের সময় অভিনেতার করণীয় তাৎপর্যপূর্ণ এবং অত্যাাবশ্যক জরুরী কিছু বিষয়।

পরের পাতায় দেখুন



## অভিনেতার প্রস্তুতি ওয়ার্কশপ - সোহিনী সেনগুপ্ত

সোহিনী দিদি এবং অর্ঘ্য দাদার কাছ থেকে কিছু প্রয়োজনীয় অজানা তথ্য সংগৃহীত হল সেই দিন। সোহিনী দিদি একজন অভিনেতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু বিষয় আমাদের দৈনন্দিন জীবনে জুড়ে দিলেন।

আমি সোহিনী দিদি, অর্ঘ্য দাদা এবং অবশ্যই নেহরু চিলড্রেনস্

মিউজিয়ামের কাছে কৃতজ্ঞ থাকবো। এই গনগনে গ্রীষ্মের আঁচে অত্যন্ত প্রয়োজনীয় একটি কর্মশালা আয়োজনের জন্য। আগামী বছরেও কাটিয়ে আসা এই মুহূর্তগুলি নতুন ভাবে আবার ফিরে পেতে চাই।

সৃজিতা দত্ত



## সুর আনন্দ ছন্দ তাল ওয়ার্কশপ - অগ্নিভ বন্দ্যোপাধ্যায়



## বেতার, নাটক, শ্রুতিনাটক ও আবৃত্তি ওয়ার্কশপ - জগন্নাথ বসু

